



তারিখ: ১৫-১২-২০২৫

দরপত্র বিজ্ঞপ্তি

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (জিইবি) বিভাগের ২০২৫-২০২৬ অর্থবছরে বরাদ্দকৃত বিশেষ বরাদ্দ থেকে “জিইবি সেন্ট্রাল ল্যাবরেটরির” জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহের নিমিত্তে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ১৮-১২-২০২৫ তারিখ হতে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লেখিত দরপত্র সংগ্রহ করা যাবে। সিডিউল মূল্য নগদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (অফেরৎযোগ্য)। দরপত্রের সাথে জামানত বাবদ উল্লেখিত দরের ৩% অর্থ (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের ৭ টি গবেষণাগার যন্ত্র পৃথক পৃথকভাবে স্পেসিফিকেশন ও দর অনুযায়ী মূল্যায়িত হবে। কোন প্রতিষ্ঠান একক বা একাধিক বা সবগুলো আইটেমের জন্য দরপত্র প্রদান করতে পারবেন। আগামী ০৭-০১-২০২৬ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে দরপত্র রাজশাহী বিশ্ববিদ্যালয় কোষাধ্যক্ষ দপ্তরে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে। দরপত্র বাক্স একই দিন দুপুর ১২.১৫ মিনিটে দরপত্রদাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) উপস্থিতিতে খোলা হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নয় এবং কোনো কারণ না দর্শিয়ে যে কোনো অথবা সমস্ত দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, দরপত্র সম্পর্কে কর্তৃপক্ষের যে কোনো সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সভাপতি

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী